দামুড়হুদায় বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে” প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, র্যালি শেষে উপজেলা সম্মেলন কক্ষে আলোচনা সভা সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

এর আগে উপজেলা চত্বরে বঙ্গবন্ধু মুরালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এরপরে একে একে মুক্তিযোদ্ধা সংসদ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ, সদর ইউনিয়ন আওয়ামীলীগ, যুবলীগ ছাত্র লীগ সহ রাজনৈতিক সংগঠন সাংস্কৃতিক সংগঠন ও বিভিন্ন স্কুল কলেজের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী প্রমূখ।

অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবার সহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাঃ মোঃ মামুনুর রশীদ।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে ” প্রতিপাদ্য নিয়ে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় দিবস টি উপলক্ষে হাউলী ইউনিয়ন পরিষদের আয়জনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সচিব নাঈম হোসেন, ৫নং ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান ২ মোঃ শহিদুল ইসলাম, ইউপি সদস্য শাহজামাল, আঃ হান্নান পটু, রিকাত আলী সহ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাবৃন্দ সকল ইউপি ও সংরক্ষিত মহিলা সদস্য বৃন্দ, সকল গ্রাম পুলিশ সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে আলোচনা করা হয়।

আলোচনা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

যাথাযোগ্য মর্যাদায় ও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে মেহেরপুরে জাতির জনক বঙ্গবন্ধু ‌শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করা হয়েছে।

রবিবার (১৭ মার্চ) সকাল সাড়ে ৯টায় জেলা প্রশাসনের কার্যালয় প্রাঙ্গনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ও মেহেরপুর জেলা বাসীর পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরপরই পুলিশ বিভাগের পক্ষে পুলিশ সুপার এস এম নাজমুল হক, মেহেরপুর জেলা পরিষদের জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভা ও জেলা যুবলীগের পক্ষে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের পক্ষে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড.ইব্রাহিম শাহিন পুষ্পমাল্য অর্পণ করেন।

এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন, স্থানীয় সরকারের উপপরিচালক মোঃ শামীম হোসেন, প্রশাসনিক কর্মকর্তা মো: মাহাফুজ জামান, সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য ও মুক্তিযোদ্ধাগণ।

এ সময় মেহেরপুর সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক জেনারেল হাসপাতাল, ◌েগণপূর্ত বিভাগ, আনছার ও ভিডিপি মেহেরপুর, এলজিডি মেহেরপুর, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা তথ্য অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, সদর উপজেলা পরিষদ সহ

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের বিভিন্ন কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরে সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।